

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৫

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৯. যে ব্যক্তি হাত ধোয়ার পূর্বে তা পানির পাত্রে প্রবেশ করানো প্রসঙ্গে

باب فِي الرَّجُلِ يُدْخِلُ يَدَهُ فِي الإِنَاءِ قَبْلَ أَنْ يَغْسِلَهَا

আরবী

حَدَّ ثَنَا أَحْمَدُ بْنُ عَمْرِو بْنِ السَّرْحِ وَمُحَمَّدُ بْنُ سَلَمَةَ الْمُرَادِيُّ قَالَا: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، عَنْ مُعَاوِيَةَ بْنِ صَالِحٍ، عَنْ أَبِي مَرْيَمَ قَالَ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: سَمِعْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ " إِذَا اسْتَيْقَظَ أَحَدُكُمْ مِنْ نَوْمِهِ فَلَا يُدْخِلْ يَدَهُ فِي الإِنَاءِ حَتَّى يَعْسِلَهَا ثَلَاثَ مَرَّاتٍ، فَإِنَّ أَحَدَكُمْ لَا يَدْرِي أَيْنَ بَاتَتْ يَدُهُ أَقْ أَيْنَ كَانَتْ تَطُوفُ يَدُهُ "؟

_ صحیح

বাংলা

১০৫। আবৃ হুরাইরাহ্ (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ তোমাদের কেউ যখন ঘুম থেকে জাগে, তখন তিনবার হাত না ধুয়ে যেন পানির পাত্রে তা না ডুবায়। কারণ, তার জানা নেই তার হাত কোথায় ছিল অথবা কোথায় ঘুরাফেরা করছিল।[1]

সহীহ

English

Abu Hurairah reported:

I heard the Messenger of Allah (May Peace be upon him) say: When any of you wakes up from sleep, he should not put his hand in the utensil until he washes it three times, for none of you knows where his hand remained during the night or where it went round.

ফুটনোট



[1] পূর্বোক্ত (১০৪ নং) হাদীস দেখুন, কেননা আবৃ হুরাইরাহ থেকে হাদীসটির একাধিক সূত্রে রয়েছে, এবং সহীহ মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ উযুকারী বা অন্য কারো হাত না ধুয়ে পানির পাত্রে হাত ডুবানো মাকরহ), একাধিক সূত্রে 'আব্দুল্লাহ ইবনু শাকীক, আবৃ রাযীন, আবৃ সালিহ, আবৃ সালামাহ ইবনুল মুসাইয়ি্যব, জাবির, আল-আ'রাজ মুহাম্মাদ, হাম্মাম ইবনু মুনাব্বিহ ও সাবিত মাওলা আবদুর রাহমান ইবনু যায়িদ থেকে), সকলেই আবৃ হুরাইরাহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন